



## শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত হলে মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন সম্ভব || খেলাঘর

প্রকাশিত: ১৪ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

- আবরার হত্যাকাণ্ডে উদ্বেগ

স্টাফ রিপোর্টার || বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ডের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে এর সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে জাতীয় শিশু-কিশোর সংগঠন কেন্দ্রীয় খেলাঘর আসর।

রবিবার সংগঠনের সভাপতিমণ্ডলীর চেয়ারম্যান অধ্যাপিকা পান্না কায়সার ও সাধারণ সম্পাদক তনয় সাহা স্বাক্ষরিত গণমাধ্যমে পাঠানো বার্তায় শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

তারা বলেন, এ ঘটনায় গভীর উৎকর্ষ ও অসীম বেদনায় নিমজ্জিত পুরো জাতি। দেশের শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার দাবি জানিয়ে খেলাঘর নেতৃবৃন্দ বলেন, আবরার হত্যাকা-সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে যৌন হয়রানি ও নির্যাতনের ঘটনায় শিশুরা এখন আতঙ্কিত। অভিভাবকরাও সন্তানদের শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠাতে ভয় পাচ্ছেন।

এই প্রেক্ষাপটে সব শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা জরুরী। পরীক্ষায় বেশি নম্বর পাওয়া প্রতিযোগিতা থেকে সরে এসে ছাত্র সমাজকে ভাল ও মানবিক গুণাবলী অর্জনের শিক্ষা দিতে অভিভাবকদের প্রতি আহ্বান জানান শিশু সংগঠনের নেতৃত্ব।

তারা বলেন, বিশ্বায়নসহ সামাজিক নানা বাস্তবতার কারণে শিশুদের জন্য সার্বিক পরিবেশ আজ অনুকূলের মধ্যে নয়। অভিভাবকদের অগোচরে অনেক শিশু বিপথগামী হচ্ছে। অপ্রত্যাশিতভাবে দেশজুড়ে শিশু ও যুবকদের মধ্যে গড়ে উঠেছে গ্যাংগিং কালচার। যা শিশুদের আলোকিত ভবিষ্যত গড়ার ক্ষেত্রে অন্তরায় হিসেবে কাজ করছে।

**সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক:** মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), **উপদেষ্টা সম্পাদক:** তোয়াব খান, **নির্বাহী সম্পাদক:** স্বদেশ রায়। **সম্পাদক কর্তৃক প্লোব জনকর্তৃ শিল্প পরিবার-**এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। **রেজি:** নং ডিএ ৭৯৬। **কার্যালয়:** জনকর্তৃ ভবন, ২৪/